গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
pirganj.thakurgaon.gov.bd

# আগষ্ট ২০২৩ খ্রিঃ মাসের উপজেলা আইন শৃংখলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ শাহরিয়ার নজির
উপজেলা নির্বাহী অফিসার
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

তারিখ ঃ ১৪ আগষ্ট ২০২৩ খ্রিঃ

সময় ঃ সকাল ১০.৩০ টা

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভাপতি সভার শুরুতে উপজেলার আইন শৃংখলা কমিটির সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানান। তিনি উপজেলার বর্তমান আইন শৃংখলা পরিস্থিতিতে সন্তোষ প্রকাশ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়।

আলোচনার শুরুতে বিগত মাসে পীরগঞ্জ উপজেলায় আইন শৃংখলা পরিস্থিতির সার্বিক অবস্থা সম্পর্কে সকলকে অবহিত করার জন্য অফিসার ইনচার্জ পীরগঞ্জকে বলা হলে তিনি বিবেচ্য মাসের অপরাধ চিত্রের তুলনামূলক বিবরণী তুলে ধরেন।

**১. উপজেলার সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি ঃ জুলাই ২০২৩**

| থানার নাম পীরগঞ্জ | চুরি | সড়ক দূর্ঘটনা | খুন | অপহরণ | নারী ধর্ষণ | শিশু নির্যাতন | নারী নির্যাতন | চোরাচালান | মাদক দ্রব্য | অন্যান্য | মোট মামলা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| জুন | ০১ | - | - | ০১ | ০১ | - | ০৫ | - | ০৭ | ১৮ | ৩৩ |
| জুলাই | ০২ | ০১ | - | ০২ | ০২ | - | ০৩ | - | ০৫ | ১৪ | ২৯ |

**২. মোবাইল কোর্ট পরিচালনার তথ্য ঃ জুলাই ২০২৩**

| অভিযানের সংখ্যা | | মামলার সংখ্যা | অভিযুক্ত ব্যক্তির সংখ্যা | সাজা (বিনাশ্রম কারাদন্ড) | জরিমানা (টাকায়) |
|---|---|---|---|---|---|
| জুন | ০২ | ০২ | ০২ | - | ৪,০০০/- |
| জুলাই | ০২ | ০৪ | ০৪ | ০৩ জনকে ০৬ মাস করে বিনাশ্রম কারাদন্ড | ৫,০০০/- |

**আলোচ্য সূচি-১ : পীরগঞ্জ উপজেলার সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি সম্পর্কে আলোচনা :**

সভায় পুলিশ বিভাগের পক্ষ হতে জানানো হয় যে, বর্তমানে এ উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি ভালো রয়েছে। সেই সাথে চুরি-ছিনতাই, দস্যুতা, জুয়া খেলা মাদকসহ সকল প্রকার অপরাধ নিয়ন্ত্রণে পুলিশসহ সাধারণ জনগণকে সজাগ দৃষ্টি রাখতে বলেন। সংশ্লিষ্ট সকলকে বিভিন্ন রকম অপরাধের তথ্য দিয়ে পুলিশ প্রশাসনকে সহযোগিতা করার অনুরোধ জানান।

**আলোচ্য সূচি-২ : আইন শৃংখলা পরিস্থিতি বিষয়ে ইউনিয়ন ভিত্তিক আলোচনা :**

চেয়ারম্যান, ০৩ নং খনগাঁও ইউ.পি. জানান, মাদক ও জুয়ার প্রভাব দিনদিন বৃদ্ধি পাচ্ছে। তৎক্ষণাৎ অভিযানের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য উপজেলা প্রশাসনকে অনুরোধ জানান।

চেয়ারম্যান, ০৫ নং সৈয়দপুর ইউ.পি. জানান, এ ইউ.পি.'র কমিউনিটি ক্লিনিকের পরিত্যক্ত আবাসিক ভবনের ভিতরে কিছু মাদক সেবী মাদক সেবন করছে। কালপীর বাজারে মোবাইল জুয়ার প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। ফলে সমাজে বিশৃংখলার সৃষ্টি হচ্ছে। উক্ত বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য উপজেলা প্রশাসনসহ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগের সুদৃষ্টি আর্কষণ করেন।

তিনি আরও জানান, দুদিন আগে ঘূর্ণিঝড় হয়েছে। ২৫/৩০ টি ঘর বাড়ির সমস্যা হয়েছে। ঘূর্ণিঝড় পরবর্তী আর্থিক সাহায্যের জন্য উপজেলা পরিষদের দৃষ্টি আর্কষণ করেন।

চেয়ারম্যান, ০৭ নং হাজীপুর ইউ.পি. জানান, অত্র ইউনিয়নে গরু ও মোটর সাইকেল চুরির প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। সমাজে বিশৃংখলার সৃষ্টি হচ্ছে।

তিনি আরও জানান, শাশোরসহ এ উপজেলার বিভিন্ন জায়গায় কিছু হিন্দু মানুষের উষ্কানিতে হঠাৎ করে জমি দখল করে মন্দির ও শশ্মান নির্মাণ হচ্ছে। সমাজে বিশৃংখলার সৃষ্টি হচ্ছে। সামাজিক সম্প্রীতির অবনতিসহ আইন শৃংখলার অবনতি ঘটছে। ফলে এ উপজেলার ভাবমূর্তি নষ্ট হচ্ছে। অতি শীঘ্রই এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান।

চেয়ারম্যান, ০৯ নং সেনগাঁও ইউ.পি. জানান, ইউনিয়নে ছিঁচকে চুরি বেড়ে যাচ্ছে। যা নিয়ন্ত্রণে আনার জন্য তালিকা তৈরি পূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউ.পি. জানান, হঠাৎ করে গবাদি পশুর মৃত্যু হার বৃদ্ধি পেয়েছে। ফলে হত দরিদ্র গরীব মানুষ নিঃস্ব হয়ে পড়ছে। গবাদি পশুর সঠিক চিকিৎসার প্রয়োজনীয় ব্যবস্থার জন্য উপজেলা প্রশাসনের মাধ্যমে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার হস্তক্ষেপ কামনা করেন।

এছাড়াও অন্যান্য চেয়ারম্যান, পীরগঞ্জ উপজেলার ইউনিয়নসমূহের সার্বিক কার্যক্রম ও পরিস্থিতি ভালো রয়েছে মর্মে উল্লেখ করেন।

**আলোচ্য সূচি-৩ : আইন শৃংখলা পরিস্থিতি বিষয়ে উন্মুক্ত আলোচনা :**

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান, পীরগঞ্জে অবৈধভাবে গড়ে উঠা লাইসেন্সবিহীন ডায়গনিষ্টিক সেন্টারগুলোর দৌরাত্ম বাড়ছে। সকল ডায়গনিষ্টিক সেন্টারগুলোতে নির্ধারিত মূল্য তালিকা ডিসপ্লের ব্যবস্থা করণের উদ্যোগ নিতে হবে। এ উপজেলার ওষুধের দোকানেগুলোতে ডাক্তারের পরামর্শ পত্র ছাড়া যেন কোন রকম ঘুমের ওষুধ বিক্রি না করা হয়, সে বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করেন এবং প্রয়োজনীয় সহযোগীতা কামনা করেন।

বীর মুক্তিযোদ্ধা মোঃ হাফিজুর রহমান, সভায় জানান, এ উপজেলার বিভিন্ন রাস্তার পাশে উলুখাগড়ার কারণে অধিক পরিমাণে জন্মানোর ফলে পথচারী চলাচলে সমস্যার সৃষ্টি হচ্ছে। উলুখাগড়া কর্তণের জন্য অনুরোধ জানান।

তিনি আরও জানান, বর্তমানে বর্ষার সময় রাস্তার পাশের মাটিগুলো সরে গেছে। ভারী যানবাহনের চলাচলের কারণে রাস্তাগুলিতে ফাটল ধরছে। বড় বড় গর্তের সৃষ্টি হচ্ছে। চলাচলে অনুপযোগী হয়ে যাচ্ছে। ফলে সাধারণ মানুষ বিভিন্ন রকম হয়রানির স্বীকার হচ্ছে। এ বিষয়ে অতি শীঘ্রই প্রয়োজনীয় ব্যবস্থা করণের জন্য উপজেলা প্রশাসনের দৃষ্টি আর্কষণ করেন।

সভাপতি, প্রেস ক্লাব জানান, বর্তমানে আশ্রয়ণ প্রকল্পের ঘরগুলিতে মাদক ও জুয়ার প্রবণতা দেখা দিচ্ছে। এছাড়া বাজারে ব্যবসায়ীদের সিন্ডিকেটের কারণে নিত্যপণ্যের দাম বৃদ্ধি পাচ্ছে। উক্ত বিষয়ে আইনি পদক্ষেপ নেওয়ার জন্য উপজেলা প্রশাসনকে অনুরোধ জানান।

সাধারণ সম্পাদক, জাতীয় পার্টি, পীরগঞ্জ উপজেলা শাখা সভায় জানান, এ উপজেলার বিভিন্ন প্রধান সড়কে স্পিড ব্রেকার অতি গুরুত্বপূর্ণ বিষয়। এ বিষয়ে অতি শীঘ্রই কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রশাসনের মাধ্যমে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করেন।

**আলোচ্য সূচি-৪ : চোরাচালান নিরোধ এবং সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ বিষয়ক আলোচনা :**

| ক্রঃ নং | বিওপি'র নাম | উদ্ধার | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ফকিরগঞ্জ | ৩৩ বোতল ভারতীয় অফিসার্স চয়েজ মদ | সর্বমোট মূল্য = ৪৯,৫০০.০০ টাকা। |

ক) সীমান্ত সংলগ্নে যেন গরু, ছাগলসহ মানুষজন শূন্য রেখায় প্রবেশ না করে সেজন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণসহ সকলের সহযোগিতা কামনা করা হয়।

খ) সীমান্ত এলাকায় ০৩ ফুটের অধিক ফসল না লাগানোর বিষয়ে কৃষকগণকে নিরৎসাহিত করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণসহ সকলের সহযোগিতা কামনা করা হয়।

গ) সীমান্ত এলাকায় টহলের রাস্তাগুলি অনুপযোগী। বর্ষার সময় রাস্তাগুলি ব্যবহারের অনুপযোগী হয়ে উঠে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।

**আলোচ্য সূচি-৫ : বাল্য বিবাহ প্রতিরোধ :**

সভায় আলোচনা হয় যে, বিভিন্ন জায়গায় হঠাৎ করে মাঝে মাঝে বাল্য বিয়ে হচ্ছে। প্রতিটি ইউনিয়ন পরিষদ থেকে নিয়মিতভাবে ছক আকারে তথ্য প্রদান করতে হবে। এ বিষয়ে ইউনিয়ন চেয়ারম্যানগণ তৎপর হবেন। বাল্য বিয়ের কুফলগুলি সম্পর্কে স্কুল, কলেজ ও মাদ্রাসার প্রধান শিক্ষকদের মাধ্যমে বেশি বেশি ক্যাম্পেইন করে জনসচেতনতা বৃদ্ধি করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

**আলোচ্য সূচি-৬ : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা সংক্রান্ত আলোচনা :**

সভায় আলোচনা হয় যে, যুব সমাজের মধ্যে মাদক ব্যবহারের হার বৃদ্ধি ও বিষয়টি উদ্বেগজনক। পারিবারিক নজরদারির পাশাপাশি তিনি এ বিষয়ে সকল শ্রেণির জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টিসহ সামাজিক আন্দোলন গড়ে তোলার আহ্বান জানান। স্কুল

কলেজে মাদকাশক্তি, কুরুচিপূর্ণ কথা/আচরণ, মোবাইল আশক্তি জুয়াসহ অন্যান্য খারাপ দিকগুলি নিয়ে আলোচনা, সেমিনার/বির্তক প্রতিযোগিতা আয়োজন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়। সীমান্তবর্তী ইউনিয়নের লোকজনকে অবৈধভাবে সীমান্ত অতিক্রম ও চোরচালান থেকে নিবৃত্ত রাখতে নিয়মিত সভা সমাবেশ করার অনুরোধ জানান। প্রয়োজনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

**আলোচ্য সূচি-৭: ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠান :**

সভাপতি বলেন যে, সকল ইউনিয়নে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটি ও ইউনিয়ন মাসিক সমন্বয় সভা নিয়মিত অনুষ্ঠান নিশ্চিত করতে হবে এবং উক্ত সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে সচিবগণের মাধ্যমে জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়সহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করতে হবে। সভায় বিট পুলিশিং এর কার্যক্রম জোরদার করণের জন্য সভায় পুলিশিং বিভাগের প্রতি অনুরোধ জানানো হয়। ইউনিয়ন কমিটির সভায় বিজিবির কোম্পানী কমান্ডারদের অংশগ্রহণ নিশ্চিত করার বিষয়ে সভায় একমত পোষন করা হয়।

**গ্রাম আদালত সম্পর্কিত আলোচনা: সভায় গ্রাম আদালতসমূহের জুলাই ২০২৩ খ্রি: মাসের নিম্নরূপ তথ্য উপস্থাপন করা হয় :**

| ক্র:নং | ইউনিয়ন ভিত্তিক গ্রাম আদালতের নাম | পূর্ববর্তী মাসের মামলার জের | বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা | মোট মামলার সংখ্যা | বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা | অনিস্পন্ন মামলার সংখ্যা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ভোমরাদহ | ০৫ | ০৩ | ০৮ | ০২ | ০৬ | অনিস্পন্ন মামলাসমূহ দ্রুত নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নে : ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২ | কোষারাণীগঞ্জ | ৪১ | ০৫ | ৪৬ | ০৮ | ৩৮ | |
| ৩ | খনগাঁও | ০৪ | ০১ | ০৫ | ০৫ | - | |
| ৪ | সৈয়দপুর | ০৯ | ০৮ | ১৭ | ০৩ | ১৪ | |
| ৫ | পীরগঞ্জ | ০৭ | ০২ | ০৯ | ০৩ | ০৬ | |
| ৬ | হাজীপুর | ০৫ | ০৫ | ১০ | ০৩ | ০৭ | |
| ৭ | দৌলতপুর | ০২ | ০৬ | ০৮ | ০৬ | ০২ | |
| ৮ | সেনগাঁও | ০৮ | ০৪ | ১২ | ০৫ | ০৭ | |
| ৯ | জাবরহাট | ০৫ | ০৭ | ১২ | ০৬ | ০৬ | |
| ১০ | বৈরচুনা | ১৯ | ০৪ | ২৩ | ০৯ | ১৪ | |
| | মোট | ১০৫ | ৪৫ | ১৫০ | ৫০ | ১০০ | |

সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, পীরগঞ্জ উপজেলা শাখা জানান, মাদক ও জুয়ার বিষয়ে আইন শৃংখলা বাহিনীকে আরও তৎপর হতে হবে। প্রয়োজনে তৎক্ষণাৎ অভিযান চালাতে হবে। সামনে নির্বাচন আসছে। নির্বাচনকালীন সময়ে আইন শৃংখলার যেন অবনতি না ঘটে সে বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আর্কষণ করেন।

মেয়র, পীরগঞ্জ পৌরসভা জানান, ভ্যান, অটো চার্জার, সিএনজি, থ্রি হুইলারসহ ঢাকাগামী গাড়িগুলি ও ব্যাস স্ট্যান্ডগুলো প্রধান সড়ক থেকে অন্য কোন জায়গায় স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। শহরে রাস্তার পাশে ফুটপাতে অবৈধভাবে গড়ে তোলা দোকানপাট উচ্ছেদ করা প্রয়োজন। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

সহকারি কমিশনার (ভূমি) সভায় জানান, এডিস মশার (ডেঙ্গু) ভয়াবহতা সম্পর্কে ব্যাপক প্রচারের মাধ্যমে জনসচেতনতা বাড়াতে হবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান, বর্তমানে এ উপজেলায় মাদক ও বিভিন্ন রকম জুয়ার প্রবণতা বৃদ্ধি পেয়েছে। ফলে বিভিন্ন রকম চুরির সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। মাদক ও জুয়া খেলা নিয়ন্ত্রণ করা সম্ভব হলেই চুরির সংখ্যা হ্রাস পাবে।

**উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত নিম্নরূপ ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত সৃষ্টি হয়।**

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) |
|---|---|---|
| ১ | জমি দখল, মুক্তিপন আদায়, মাদক, জুয়া, বিভিন্ন রকম চুরি, চাঁদাবাজি ইত্যাদির মাধ্যমে সৃষ্ট অপরাধ প্রবণতার হার হ্রাসে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে এবং অপরাধ দমনে প্রয়োজনে অভিযান বৃদ্ধি করতে হবে। | ১। মেয়র, পীরগঞ্জ পৌরসভা<br>২। সহকারি কমিশনার (ভূমি), পীরগঞ্জ<br>৩। অফিসার ইনচার্জ, পীরগঞ্জ থানা<br>৪। ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান (সকল) |
| ২ | ৫ নং সৈয়দপুর ইউনিয়ন কমিউনিটি ক্লিনিকের আবাসিক ভবনে মাদক ও জুয়া বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা<br>২। অফিসার ইন চার্জ, থানা<br>৩। ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান (সকল) |

| | | |
|---|---|---|
| ৩ | উপজেলার ডায়গনষ্টিক সেন্টারগুলোতে নির্ধারিত মূল্য তালিকা ডিসপ্লের ব্যবস্থা করণের উদ্যোগ নিতে হবে। উপজেলার ওষুধের দোকানেগুলোতে ডাক্তারের পরামর্শ পত্র ছাড়া যেন কোন রকম ঘুমের ওষুধ বিক্রি না করা হয়। সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। প্রয়োজনে তৎক্ষণাৎ অভিযান চালাতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলে আন্তরিক হবেন। | ১। মেয়র, পীরগঞ্জ পৌরসভা<br>২। সহকারি কমিশনার (ভূমি), পীরগঞ্জ<br>৩। অফিসার ইনচার্জ, পীরগঞ্জ থানা<br>৪। ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান (সকল) |
| ৪ | স্কুল পর্যায়ে প্রতিটি স্কুলের প্রধান শিক্ষকগণ মাদকাশক্তি, মোবাইল আশক্তি, জুয়াসহ অন্যান্য খারাপ দিকগুলি নিয়ে শিক্ষা প্রতিষ্ঠানকে সচেতন করার কার্যক্রম অব্যাহত রাখবেন। এ বিষয়ে নিয়মিত আলোচনা/সেমিনার/বির্তক প্রতিযোগিতা আয়োজন করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>৩। ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান (সকল)<br>৪। প্রধান শিক্ষক (সকল) |
| ৫ | বাল্যবিয়ে, যৌতুক ও নারী নির্যাতন বন্ধে সকল পক্ষকে সচেষ্ট থাকতে হবে। এ বিষয়ে মোবাইল কোর্ট অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ,<br>২। সহকারি কমিশনার (ভূমি)<br>৩। অফিসার ইনচার্জ, পীরগঞ্জ থানা<br>৪। ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান (সকল) |
| ৬ | উপজেলার বিভিন্ন রাস্তার পাশে উলুখাগড়া কর্তণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান (সকল) |
| ৭ | ইউনিয়ন পর্যায়ে আইন-শৃঙ্খলা ও সমন্বয় কমিটির সভা নিয়মিত করতে হবে এবং সেখানে বিজিবির উপস্থিতি নিশ্চিত করতে হবে। আব্যশিকভাবে কার্যবিবরণী সচিবগণের মাধ্যমে নিয়মিত উপজেলা কমিটির নিকট প্রেরণ করতে হবে। গ্রাম আদালতকে কার্যকর করতে গুরুত্বারোপ করতে হবে। | ইউনিয়ন পরিষদ, চেয়াম্যান (সকল) |
| ৮ | হঠাৎ দখল, রাস্তায় প্রতিবন্ধকতা সৃষ্টিকারী সরকারি জমিতে অনুমতি ব্যতিরেকে মসজিদ, মন্দির, ঈদগাঁহ, শ্বশ্মান নির্মাণ হতে বিরত থাকার জন্য স্থানীয় নেতৃবৃন্দসহ সংশ্লিষ্ট সকলে তৎপর থাকবেন। | ১। অফিসার ইনচার্জ, পীরগঞ্জ থানা<br>২। সহকারি কমিশনার (ভূমি)<br>৩। ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান (সকল)<br>৪। দফাদার (সকল) |
| ৯ | শহরের যানজট নিরসনে সংশ্লিষ্ট সকল পক্ষের সাথে সভা করে কার্যকরী সমাধানে পৌছাতে এ বিষয় গঠিত কমিটি সচেষ্ট হবেন। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানানোর মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৪/০৮/২৩
(মোঃ শাহরিয়ার নজির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**স্মারক নং-** ০৫.৫৫.৯৪৮২.০০৯.০১.০০১.২৩-৬৪৯

**তারিখ ঃ** ৩০ শ্রাবণ ১৪৩০
১৪ আগষ্ট ২০২৩

**বিতরণঃ** সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ৫, ঠাকুরগাঁও- ৩।
২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৩। পুলিশ সুপার, ঠাকুরগাঁও।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। মেয়র, পীরগঞ্জ পৌরসভা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৬। ................................................... পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৮। চেয়ারম্যান,.......................................... (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। অফিস নথি।

১৪/০৮/২৩
উপজেলা নির্বাহী অফিসার
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।